



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং- ৫৪

২২ ডিসেম্বর ২০২২
তারিখ: -----
০৭ পৌষ ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে নগদ মার্জিন সংরক্ষণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-২৫ তারিখ: ০৪ জুলাই ২০২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- সূত্রোক্ত সার্কুলার লেটারের মাধ্যমে কতিপয় পণ্য আমদানির জন্য ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে ১০০ শতাংশ ও ৭৫ শতাংশ নগদ মার্জিন সংরক্ষণ করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়।
 - এক্ষেণে, শিল্প কারখানা পরিচালনা ও শিল্প-কার্যক্রম সচল রাখাসহ বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদন চলমান রাখার নিমিত্ত বাজারে লুব্রিকেন্ট এর সরবরাহ স্বাভাবিক রাখার লক্ষ্যে ইঞ্জিন ওয়েল/লুব্রিকেন্টস ও এর উৎপাদন/প্রস্তুত সংশ্লিষ্ট পণ্যের আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নগদ মার্জিন সংরক্ষণের হার নির্ধারণ করা যাবে।
 - এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার লেটার নং-২৫/২০২২ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
 - ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হল।
- এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)
পরিচালক (বিআরপিডি)
ফোনঃ ৯৫৩০০৯৫